

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৫৫৯

পর্ব-৫: জানাযা (كتاب الجنائر)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - রোগী দেখা ও রোগের সাওয়াব

## আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: إِن الْعَبْدَ إِذَا كَانَ عَلَى طَرِيقَةٍ حَسَنَةٍ مِنَ الْعِبَادَةِ ثُمَّ مَرِضَ قِيلَ لِلْمَلَكِ الْمُوكَكُّلِ بِهِ: اكْتُبْ لَهُ مِثْلَ عَمَلِهِ إِذَا كَانَ طَلِيقًا حَتَّى أَطِلقهُ أَو أَكفته إِلَيّ

#### বাংলা

১৫৫৯-[৩৭] 'আবদুল্লাহ ইবনু 'আমর (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ বান্দা যখন 'ইবাদাতের কোন সুন্দর নিয়ম-পদ্ধতি পালন করে চলতে শুরু করে এবং তারপর যদি অসুস্থ হয়ে পড়ে ('ইবাদাতের ধারা বন্ধ হয়ে যায়), তখন তার 'আমলনামা লিখার জন্য নিযুক্ত মালাককে (ফেরেশতাকে) বলা হয়, এ বান্দা সুস্থ অবস্থায় যে 'আমল করত (অসুস্থ অবস্থাও) তার 'আমলনামায় তা লিখতে থাকা। যে পর্যন্ত না তাকে মুক্ত করে দিই অথবা তাকে আমার কাছে ডেকে আনি।[1]

# ফুটনোট

[1] সহীহ : আহমাদ ৬৮৯৫, সুনানুল কুবরা লিল বায়হাক্কী ৬৫৪৬, শারহুস্ সুন্নাহ্ ১৪২৯, সহীহ আত্ তারগীব ৩৪২১।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: যখন সে শারী আতের পদ্ধতি অনুযায়ী 'ইবাদাত করে আর ফরযসমূহ পালনের পর নফল আদায় করে, অতঃপর অসুস্থের পর সেই নফল 'ইবাদাত আদায় করতে পারে না।

(أكفته إِلَيّ) আমি তাকে ক্বরের দিকে টেনে নেই মূলত মৃত্যু উদ্দেশ্য।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন